# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

========================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর আজ এ বছরের জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান ।

২) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আসন্ন সাধারণতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যের প্রত্যেক অঞ্চলে স্বচ্ছতা অভিযান আরম্ভ করতে জেলা প্রশাসনগুলিকে নির্দেশ ।

৩) স্ব-মূল্যায়নের মাধ্যমে আজ থেকে হাইলাকান্দি সহ রাজ্যের ১৪টি জেলায় গুণোৎসবর দ্বিতীয় পর্যায় আরম্ভ । ২০ জানুয়ারী থেকে বহিঃমূল্যায়ন ।

এবং

৪) বি-জে-পির আসাম প্রদেশ সভাপতি হিসেবে সাংসদ দিলীপ শইকীয়ার নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এ বছরের জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করেছেন । বিশ্ব দাবা চেম্পিয়ান ডি গুকেশ , প্যারিস অলিম্পিকে দুটি পদক বিজেতা মনু ভাকর , ভারতীয় হকি দলের অধিনায়ক হরমনপ্রিত সিং , এবং প্যারিস অলিম্পিকে স্বর্ণ পদক বিজেতা প্রবীন কুমারকে মেজর ধ্যানচাঁন্দ খেলরত্ন পুরস্কার প্রদান করা হয়েছে । ক্রীড়া ক্ষেত্রে গত ৪ বছর ধরে লাগাতার অন্যন্য প্রদর্শনের জন্য খেলোয়াড়দের এই পুরস্কার প্রদান করা হয়েছে ।

অর্জুর্ন পুরষ্কার প্রাপকদের মধ্যে এথলিট জ্যোতি ওয়ারাজী এবং অন্নু রাণী , বক্সার নীতু এবং সবিতা , দাবা খেলোয়াড় ওন্তিকা আগরওয়াল , হকি খেলোয়াড় রাকেশ কুমার , প্যারা এথলিট প্রীতি পল , জীয়ানজী দীপ্তি , অজিত সিং এবং সুখজীত সিং , প্যারা আর্চারী খেলোয়াড় রাকেশ কুমার , প্যারা এথলিট প্রীতি পল , জীয়ানজী দীপ্তি , অজিত সিং এবং শচীন খিলাড়ী অন্যতম ।

প্রবীন এথলিট সিচা সিং এবং প্রবীন প্যারা সাতারো মুরলী কান্ত পেটকারকে ক্রীড়া ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য অর্জুন পুরষ্কার প্রদান করা হয়েছে । খেলো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয় গেমসে শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি লাভ করা চন্ডিগড় বিশ্ববিদ্যালয়কে মৌলানা আবুল কালাম আজাদ পুরষ্কার প্রদান করা হয়েছে ।

অনুরূপভাবে , প্যারা শুটিং প্রশিক্ষক সুভাষ রাণা , শুটিং প্রশিক্ষক দীলিপ দেশপান্ডে হকি প্রশিক্ষক সন্দীপ সংওয়ান , বেডমিন্টন প্রশিক্ষক এস মুরলীধরণ এবং ফুটবল প্রশিক্ষক আরামান্ডো এগনেলো কলাকোকে দ্রোণাচার্য পুরষ্কারে ভূষিত করা হয়েছে ।

---------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীর ভারত মন্ডপমে  সর্ববৃহৎ গ্লোবেল মবিলিটি এক্সপো মেলার উদ্বোধন করেন । এই মেলার মূল বিষয়বস্তু হচ্ছে সীমার উর্দ্ধে : ভবিষ্যতের মটরগাড়ী  মূল্য শৃংখলাসহ নির্মাণ । এই দৃষ্টিভংগীর মূল উদ্দেশ্যে হচ্চে বহনক্ষম ও অত্যাধুনিক কারিগরি অগ্রগতিতে গুরুত্ব আরোপ করে মটরগাড়ী ও আসা যাওয়ার ক্ষেত্রে সহযোগীতা ও উদ্ভাবনের প্রসার সাধন করা । অনুষ্ঠানে অংশ গ্রহণ করে কেন্দ্রীয় বানিজ্য ও মন্ত্রী পীযূষ গোয়েল তার ভাষনে বলেন যে গ্লোবেল মবিলিটি এক্সপো অটমোবাইল  ও এর সংগে জড়িত বানিজ্য ক্ষেত্রের দ্বিতীয় সর্ববৃহৎ কার্যসূচী হিসেবে পরিগণিত হয়েছে ।তিনি বলেন যে ভারত তিনচাকার বাহন ও ট্রেক্টরের সর্ববৃহৎ নির্মাণকারী দেশ  হিসেবে পরিগণিত হয়েছে ।

----------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ১৮তম পর্ব । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে এই অনুষ্ঠানের জন্য নিজিদের মতামত ও পরামর্শ প্রেরণ করতে পারবেন । নমো অ্যাপ অথবা মাই-গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও জনসাধারণ আগামীকালের মধ্যে নিজেদের পরামর্শ প্রেরণ করতে পারবেন ।  আকাশবাণী এবং দূরদর্শনের সব নেটওয়ার্ক ছাড়াও airnews ওয়েবসাইট এবং newsonair মোবাইল অ্যাপের

মাধ্যমে এই অনুষ্ঠান শোনা যাবে । প্রধানমন্ত্রী কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউটিউব চ্যানেল যোগেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণীতে এই অনুষ্ঠান প্রচার হওয়ার অব্যবহিত পরই এর আঞ্চলিক অনুবাদ প্রচারিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আসন্ন সাধারণতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যের প্রত্যেক অঞ্চলে স্বচ্ছতা অভিযান আরম্ভ করতে জেলা প্রশাসনগুলিকে নির্দেশ দিয়েছেন । ডক্টর শর্মা আজ লোকসেবা ভবনে আয়োজিত এক বৈঠকে জেলা প্রশাসন গুলিকে এই নির্দেশ প্রদান করে রাজ্যের ৩৯টি সমজেলায়ও এবার সাধারণতন্ত্র দিবসের কার্যসূচি পালন করার নির্দেশ দেন । জেলা ভিত্তিতে আয়োজিত কার্যসূচির মতই সমজেলা গুলিতে যাতে পুলিশ প্যারেড অনুষ্ঠিত হয় এর জন্য তিনি প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দিয়ে এর পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থের মঞ্জুরী দিতে সাধারণ প্রশাসন বিভাগকে নির্দেশ দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবোওা সুবিয়ান্ত এবারের ৭৬তম প্রজাতন্ত্র দিবসের কার্যসূচিতে মুখ্য আতিথি হিসেবে অংশ গ্রহণ করবেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে সাড়া দিয়ে তিনি আগামী ২৫ জানুয়ারী দুদিনব্যাপী সফরসূচি নিয়ে ভারতে আসছেন । বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয় এই তথ্য প্রকাশ করে বলেছে যে গত বছর অক্টোবর মাসে তিনি ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পর এটি হবে তার প্রথম ভারত সফর । এই সফরের সময় উভয় দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত আলোচনা করা ছাড়াও পারস্পরিক স্বার্থ জড়িত বিভিন্ন আঞ্চলিক এবং আর্ন্তজাতিক বিষয় নিয়েও আলোচনা অনুষ্ঠিত হবে । উল্লেখ্য যে ভারত এবং ইন্দোনেশিয়ার মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে । কৌশলগত অংশীদার হিসেবে ইন্দোনেশিয়া ভারতের এ্যাক্ট-ইষ্ট নীতি এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে বিবেচিত হয়ে আসছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের ১৪ টি জেলার ১৫ হাজার ৬৬৩ টি বিদ্যালয়ে আজ থেকে দ্বিতীয় পর্যায়ের গুণোৎসব শুরু হয়েছে । দ্বিতীয় পর্যায়ে ১৪ লক্ষ ১৪ হাজার ৯৩২ জন ছাত্র ছাত্রীকে অর্ন্তভূক্ত করা হয়েছে । গুণোৎসবে আজ স্বমূল্যায়ন অনুষ্ঠিত হয় । ২০ জানুয়ারী মন্ত্রী ,সাংসদ , বিধায়ক , মুখ্য কার্যবাহি আধিকারিক , কার্যবাহী সদস্য সহ রাজ্য সরকারের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর আধিকারিক দ্বারা বহি:মূল্যায়ন করা হবে ।উল্লেখ্য

দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবে হাইলাকান্দি , পশ্চিম কার্বি আংলং , বাক্সা , চরাইদেউ, চিরাগ , ধেমাজী , ধুবরী , গোলাঘাট , হোজাই , যোরহাট , কামরুপ মহানগর ,শোণিতপুর , তামুলপুর , তিনসুকিয়া জেলায় অনুষ্ঠিত হবে । এদিকে এবারের গুণোৎসবে শিক্ষার্থীর ইউনিফর্মের বিষয়ে গুরুত্ব আরোপ করা হবে বলে শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু জানিয়েছেন ।শিক্ষামন্ত্রী জানান যে গুণোৎসবে ইউনিফর্মের মূল্যায়ন করা হবে ।শিক্ষকের বদলি সম্পর্কে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে দ্বিতীয় পর্যায়ের শিক্ষকের বদলি পর্ব গ্রীষ্মের বন্ধের আগে করা হবে ।এর জন্য দুএকদিনের মধ্যে পোর্টেল খোলা হবে বলে শিক্ষামন্ত্রী জানান ।প্রথম পর্যায়ে পোর্টেলের মাধ্যমে আবেদন করা ৩৬ হাজার শিক্ষকের বদলি প্রক্রিয়া সম্পন্ন হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম প্রদেশ বি-জে-পির পরবর্তী সভাপতি হিসেবে দরং-ওদালগুরি লোকসভা আসনের সাংসদ তথা কেন্দ্রীয় বি-জে-পির প্রাক্তন সাধারণ সম্পাদক দিলীপ শইকীয়াকে নির্বাচিত করা হয়েছে । কেন্দ্রীয় নির্বাচনী পর্যবেক্ষক গজেন্দ্র সিং শেখাওয়াত আজ দলের রাজ্য সভাপতি হিসেবে তার নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেছেন । গৌহাটির রাজ্য বি-জে-পির মুখ্য কার্যালয় বাজপেয়ী ভবণে আয়োজিত এক অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতিকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং দলের বিদায়ী রাজ্য সভাপতি ভবেশ কলিতা সহ দলার অন্যান্য নেতৃবৃন্দ শ্রী শইকীয়াকে অভিনন্দন জানান ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আগামী রবিবার অনুষ্ঠেয় সরকারী এবং প্রদেশীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষক পদের নিযুক্তি (টেট) পরীক্ষার পরিপ্রক্ষিতে পরীক্ষার সময় শান্তিশৃঙ্খলা বজায় রাখার উদ্দেশ্যে এই জেলা গুলিতে কয়েকটি বিশেষ নির্দেশনা জারী করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের উদ্যোগে এবং আসাম রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সহযোগীতায় আজ থেকে স্থানীয় টাউন হলে দূর্যোগ মোকাবিলার উপর দুদিনের প্রশিক্ষন কর্মশালা শুরু হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম এই কর্মশালার উদ্বোধন করেছেন । দূর্যোগের সময় কিভাবে জীবন ও সম্পত্তি রক্ষা করা যাবে , সে বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হচ্ছে । বিভাগীয় বিশেষজ্ঞ রাজেশ দত্ত মূখ্য প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন । দূর্যোগের সময় তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করার

উপর আগামীকাল জেলার বোয়ালিপারের ডক্টর শশীভূষন ইনষ্টিটিউট অফ এডুকেশন এবং লক্ষীরবন্দ প্রাথমিক বিদ্যালয়ে  মক ড্রিল অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব হাইলাকান্দি সেঞ্চুরিয়ানের উদ্যোগে এবং চোলা ও সাইট সেভার ইন্ডিয়া নামের দুটি স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগীতায় আজ স্থানীয় লায়ন্স এনক্লেভে গ্রামীন চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । আজকের শিবিরে ২০ জন ছানী পড়া রোগীকে অস্ত্রপচারের জন্য শনাক্ত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আগামী ফেব্রুয়ারী মাসের প্রথম দিকে শিলচরে ২১ তম গণ বিবাহের আয়োজন করা হয়েছে । ক্লাবের পক্ষ থেকে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে যেকোন সম্প্রদায়ের আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা পাত্র-পাত্রীর অভিবাবককে এই সুযোগ গ্রহন করার আহ্বান জানানো হয়েছে । বিশদ বিবরন লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পৌরসভার প্রাক্তন কর্মী ও বিশিষ্ট ব্যাক্তি কানুলাল দেব গত মঙ্গলবার রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নি:শ্বাস ত্যাগ করেন ।  বয়স হয়েছিল ৮২ । হাইলাকান্দি পৌরসভার সভাপতি কল্যান গোস্বামীর পৌরহিত্যে গত বুধবার পৌরসভা কার্য্যলয়ে অনুষ্ঠিত শোকসভায় কানুলাল দেবের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পরে প্রয়াত দেবের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------